গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ।
Web: tahirpur.sunamganj.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০১০.২০- ৫৬ (১৫৮)

তারিখ- ০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ।

**নৌকাঘাট ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২১**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাহিরপুর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত নৌকাঘাট ১৪২৮ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণেচ্ছুক ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিলের শর্তাধীনে দরপত্র আহবান করা যাচ্ছে।

নৌকাঘাটের তালিকা ঃ-

| ক্র:নং | নৌকাঘাটের নাম | ইউনিয়নের নাম | সরকারী কাঙ্খিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | তাহিরপুর সুলেমানপুর নৌকাঘাট | তাহিরপুর | ১১,৬৬,০০০/- | মামলায় জড়িত থাকলে বিজ্ঞ আদালতের স্থিতাবস্থা/ স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা না থাকা সাপেক্ষে কার্যক্রম চলমান থাকবে। |
| ০২ | শ্রীপুর বাজার নৌকাঘাট | শ্রীপুর উত্তর | ১১,০০,০০০/- | |
| ০৩ | ডাম্পের বাজার নৌকাঘাট | শ্রীপুর উত্তর | ২,৩৪,৪২১/- | |
| ০৪ | পাতারগাঁও নৌকাঘাট | বাদাঘাট | ৩৪,৬৫০/- | |
| ০৫ | বাদাঘাট বাজার নৌকাঘাট | বাদাঘাট | ৬৬,০০০/- | |
| ০৬ | ঘাগড়া হতে লাউড়ের গড় পর্যন্ত যাদুকাটা নদীর উভয় পাশে কার্গো/দেশীয় নৌকা বালু পাথর ও অন্যান্য সকল মালামাল উঠানামা সংক্রান্ত ঘাট। | বাদাঘাট | ৩৬,৮৫,০০০/- | |
| ০৭ | ফাজিলপুর নৌকাঘাট | বালিজুরী | ২৩,৭৩,৮০৯/- | |

দরপত্র দাখিলের শর্তাবলী ঃ

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলে তারিখ ও সময়: ০১.০০ টা | দরপত্রবাক্স খোলার তারিখ সময়: ০৩.৩০ টা | ১ম তারিখে ইজারা প্রদান কার্যক্রম চূড়ান্ত না হলে পরবর্তী তারিখসমূহ ইজারা প্রদানের জন্য ধার্য থাকবে। |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২৪/০২/২০২১ খ্রিঃ | ২৫/০২/২০২১ খ্রিঃ | ২৫/০২/২০২১ খ্রিঃ | |
| ২য় পর্যায় | ০১/০৩/২০২১ খ্রিঃ | ০২/০৩/২০২১ খ্রিঃ | ০২/০৩/২০২১ খ্রিঃ | |
| ৩য় পর্যায় | ১৫/০৩/২০২১ খ্রিঃ | ১৬/০৩/২০২১ খ্রিঃ | ১৬/০৩/২০২১ খ্রিঃ | |
| ৪র্থ পর্যায় | ২৩/০৩/২০২১ খ্রিঃ | ২৪/০৩/২০২১ খ্রিঃ | ২৪/০৩/২০২১ খ্রিঃ | |
| ৫ম পর্যায় | ০৭/০৪/২০২১ খ্রি. | ০৮/০৪/২০২১ খ্রি. | ০৮/০৪/২০২১ খ্রি. | |
| ৬ষ্ঠ পর্যায় | ২১/০৪/২০২১ খ্রি. | ২২/০৪/২০২১ খ্রি. | ২২/০৪/২০২১ খ্রি. | |
| ৭ম পর্যায় | ১১/০৫/২০২১ খ্রি. | ১২/০৫/২০২১ খ্রি. | ১২/০৫/২০২১ খ্রি. | |

০১। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ২৫% ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ এর অনুকূলে দাখিল করতে হবে। উক্ত ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার তাহিরপুর উপজেলার তফসিলী ব্যাংকের যে কোন শাখা হতে উত্তোলনযোগ্য হবে।

০২। দরপত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর হতে ১,০০,০০০/- টাকার নৌকাঘাটের জন্য ৩০০/- টাকা, ১,০০,০০০/- টাকার উর্ধ্বে ২,০০,০০০/- টাকা পর্যন্ত নৌকাঘাটের জন্য ৫০০/- টাকা এবং ২,০০,০০০/- টাকার উর্ধ্বে প্রতি লক্ষ বা তার ভগ্নাংশ টাকার জন্য ৫০০/- টাকার সাথে ১০০/- টাকা যোগ করে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্ব দিবসে অফিস চলাকালীন সময় পর্যন্ত ক্রয় করা যাবে।

০৩। দরপত্র ফরম যে তারিখে ক্রয় করা হবে তৎপরবর্তী টেন্ডার দাখিলের তারিখ তা দাখিল করতে হবে। অন্যথায় উক্ত টেন্ডার বাতিল বলে গণ্য হবে।

০৪। সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিলের তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারেরর কার্যালয়, তাহিরপুর, সুনামগঞ্জ এ রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ৩.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৫। একটি ফরমে কেবলমাত্র একটি ঘাটের জন্য দরপত্র দাখিল করা যাবে। খামের উপর যে ঘাটের জন্য দরপত্র দাখিল করা হচ্ছে তার নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। যে ঘাটের নামে দরপত্র ক্রয় করা হবে শুধুমাত্র সেই ঘাটের নামেই দরপত্র দাখিল করতে হবে।

০৬। একটি ফরমে কেবলমাত্র একটি ঘাটের জন্য দরপত্র দাখিল করা যাবে। খামের উপর যে ঘাটের জন্য দরপত্র দাখিল করা হচ্ছে তার নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। যে ঘাটের নামে দরপত্র ক্রয় করা হবে শুধুমাত্র সেই ঘাটের নামেই দরপত্র দাখিল করতে হবে।

০৭। একটি ঘাটের জন্য দাখিলকৃত একাধিক দরপত্রে প্রদর্শিত মূল্য সমান হলে কর্তৃপক্ষ লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

০৮। দরপত্রে উদ্ধৃত দর বিগত ৩ বছরের গড় আয় বা গত বছরের আয় যা বেশী, ইজারামূল্য তার ১০% বেশী হতে হবে।

০৯। দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে অনুমোদনের ০৭(সাত) দিনের মধ্যে দরদাতা অবশিষ্ট সমুদয় অর্থ পরিশোধ করবেন। অনুমোদিত দরদাতাকে প্রস্তাবিত মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ৫% আয়কর এবং ১৫% ভ্যাটসহ অন্যান্য করাদি (দরপত্রে উল্লেখিত দরের অতিরিক্ত/নির্ধারিত হারে) প্রদান করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে প্রদেয় ব্যাংক ড্রাফট এর অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১০। দরপত্র দাখিলের পর তা গৃহীত হলে এবং সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে যথাযথভাবে চুক্তিপত্র সম্পাদনের পর দখল প্রদান করা হবে। ইজারাদার নিজ দায়িত্বে ও নিজ ব্যয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে চুক্তিপত্র সম্পাদন পূর্বক সরজমিনে দখল গ্রহণ করবেন।

১১। কালেক্টর কর্তৃক অনুমোদিত টোল আদায়ের হারের তালিকা জনসাধারণের অবগতির জন্য ঘাটে ইজারাদার কর্তৃক টাঙ্গিয়ে রাখতে হবে এবং নির্ধারিত হারে টোল আদায় করতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। অসম্পূর্ণ/অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/কাটাকাটি/ঘষামাজাযুক্ত দরপত্র সরসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। ইজারাদারকে ইজারাচুক্তির সমুদয় শর্ত এবং সরকার ও ইজারাদাতা কর্তৃক আরোপিত শর্তসমূহ মেনে চলতে হবে। ইজারা চুক্তি লংঘিত হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৪। দরদাতাকে নৌকাঘাটের বাস্তব অবস্থা ও ইজারার শর্তাবলী সম্পর্কে অবগত হয়ে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫। এ ইজারা কেবলমাত্র ১৪২৮ বঙ্গাব্দের জন্য ০১(এক) বছর মেয়াদী ইজারা হবে। উক্ত ইজারা মেয়াদ বর্ধনযোগ্য নয়।

১৬। ঘাটের উপর বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে ঐ ঘাটের উপর এ বিজ্ঞপ্তি প্রযোজ্য হবে না।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

০১/০২/২০২১
(পদ্মাসন সিংহ)
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর,সুনামগঞ্জ।
unotahirpur@gmail.com

স্মারক নং-০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০১০.২০- ৫৮(১০০)

তারিখ- ০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ।

বিতরণ:- সদয় অবগতি ও কার্যার্থে ঃ-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২২৪-সুনামগঞ্জ-১, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। কমিশনার,সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৪। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), সুনামগঞ্জ।

বিতরণ:- সদয় অবগতি ও কার্যার্থে :-

০৮। উপজেলা নির্বাহী অফিসার.................................................(সকল), সুনামগঞ্জ।
০৯। সহকারী কমিশনার(ভূমি), তাহিরপুর, সুনামগঞ্জ।
১০। উপজেলা.........................................................কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
১১। সাব রেজিস্ট্রার, তাহিরপুর, সুনামগঞ্জ।
১২। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, তাহিরপুর।
১৩। চেয়ারম্যান..........................................ইউপি(সকল), তাহিরপুর, সুনামগঞ্জ। তাঁর অধিক্ষেত্রের হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তাহিরপুর/ডিহিভাটি, ইউনিয়ন ভূমি অফিস। তাঁর অধিক্ষেত্রের হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। বিজ্ঞাপন ব্যবস্থাপক, .................................। তাঁর পত্রিকায় বিজ্ঞপ্তিটি আগামী ২২/০২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে যে কোন একদিন স্বল্প পরিসরে ছাপানোর জন্য অনুরোধ করা হলো।
১৬। জনাব- . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .সাবেক ইজারাদার , . . . . . . . . . . . . . . . . .বাজার, গ্রাম- . . . . . . . ডাক- . . . . . . . . . . . . . . . . . . . . . .উপজেলা-তাহিরপুর, জেলা-সুনামগঞ্জ।
১৭। নোটিশ বোর্ড।

০১/০২/২০২১
(পদ্মাসন সিংহ)
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর,সুনামগঞ্জ।
unotahirpur@gmail.com